Md. Anwar Hossain
Administrator

BGMEA

বিজিএ/সিএমসি/২০২৫/১১৩

তারিখ ঃ ২৬ মে, ২০২৫

# সকল সম্মানিত সদস্যের জন্য

**বিষয়ঃ আনন্দঘন উৎসবমুখর পরিবেশে শ্রমিক-মালিক সকলে মিলে আসন্ন ঈদ-উল-আজহা সম্পর্কিত কতিপয় সরকারী নির্দেশনা।**

বিজিএমইএ'র সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারী ক্যালেন্ডার অনুযায়ী ঈদ-উল-আজহা আগামী ৭ই জুন, ২০২৫ তারিখে অনুষ্ঠিত হওয়ার হবে (চাঁদ দেখার উপর নির্ভরশীল)। মুসলমান ধর্মাবলম্বীদের অন্যতম ধর্মীয় উৎসব হিসাবে শ্রমিক-মালিক সকলে মিলে আনন্দঘন উৎসবমুখর পরিবেশে আসন্ন ঈদ-উল-আজহা উদ্‌যাপন করার লক্ষ্যে বাংলাদেশ সরকারের শ্রম ও কর্ম সংস্থান মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়সহ সরকারের সর্বোচ্চ পর্যায়ের থেকে প্রাপ্ত কতিপয় সিদ্ধান্ত এবং নির্দেশনা সম্মানিত পোশাক শিল্প মালিকদের জ্ঞাতার্থে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার লক্ষ্যে নিম্নে উপস্থাপন করা হলোঃ

- ৩১শে মে'২৫ তারিখের মধ্যে কারখানায় কর্মরত শ্রমিক-কর্মচারীদের প্রচলিত নিয়ম মোতাবেক ঈদ বোনাস পরিশোধ করতে হবে।
- ৩রা জুন'২৫ তারিখের মধ্যে শ্রমিক-কর্মচারীদের মে'২৫ মাসের সম্পুর্ণ মজুরী পরিশোধ করতে হবে। তবে কারখানার প্রোডাকশান, শিপমেন্ট এবং শ্রমিক পক্ষের সাথে কথা বলে প্রয়োজনে ঈদের ছুটির পূর্বে মে'২৫ মাসের মজুরী পরিশোধ করা যাবে। সে ক্ষেত্রে কারখানা কর্তৃপক্ষ কোন প্রকার শ্রম অসন্তোষ সংঘটিত না হয় সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে।
- শ্রম আইন অনুযায়ী স্ব স্ব কারখানা পূর্বে ঘোষিত ঈদ-উল-আজহার জন্য নির্ধারিত ছুটি, সপ্তাহিক ছুটি এবং শ্রমিক পক্ষের সাথে আলোচনা করে জেনারেল ডিউটি অথবা অর্জিত ছুটির সাথে সমন্বয় করে সর্বোচ্চ ১০ দিন ঈদের ছুটি প্রদান করা।
- যদি কোন ইস্যুতে শ্রম অসন্তোষ সংঘটিত হওয়ার সম্ভাবনা থাকে, সে ক্ষেত্রে স্থানীয় আর্মি ক্যাম্প, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ, কলকারখানা প্রতিষ্ঠান পরিদর্শণ অধিদপ্তর এবং বিজিএমইএ কে পূর্বে লিখিতভাবে অবহিত করতে হবে। কোন অবস্থাতেই শ্রমিকগণ রাস্তা অবরোধ করে জনসাধারনের চলাচলে বাধা সৃষ্টি না করতে পারে সে ব্যাপারে কারখানা কর্তৃপক্ষ সজাগ দৃষ্টি রাখতে হবে।
- ঈদের ছুটিতে শ্রমিকগণ নিরাপদে গ্রামে যাওয়া এবং ফিরে আসা সম্পর্কে প্রয়োজনীয় সর্তকতা এবং দিক নির্দেশনা প্রদান করতে হবে এবং সড়ক, রেল এবং নৌ পথে অতিরিক্ত জীবনের ঝুঁকি নিয়ে যাতায়াত না করার জন্য নিরুৎসাহিত করতে হবে।

আপনাদের সার্বিক সহযোগীতা একান্ত কাম্য।

ধন্যবাদান্তে,

২৬/০৫/২৫

মোঃ আনোয়ার হোসেন
প্রশাসক, বিজিএমইএ।

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org